

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪১৯

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

**বিলেনীয়া মহকুমা হাসপাতালে ক্লাবফুট ক্লিনিক : শিশুদের জীবনে আশার আলো**

প্রতি বৃহস্পতিবার দক্ষিণ ত্রিপুরার বিলেনীয়া মহকুমা হাসপাতাল হয়ে উঠেছে ক্লাবফুট রোগে আক্রান্ত শিশুদের জন্য এক আশার ঠিকানা। ক্লাবফুট ক্লিনিকের মাধ্যমে এই বিশেষ পরিষেবা পরিচালিত হয় ডা. উজ্জ্বল সরদারের নেতৃত্বে। তার সঙ্গে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ফার্মাসিস্ট সুজিত দাস এবং অনুস্কা ফাউন্ডেশনের জেলা সমন্বয়ক সুকান্ত ভৌমিক। গত ২ জানুয়ারি অনুষ্ঠিত ক্লিনিক সেবায় দুটি শিশুর কাস্টিং সফলভাবে সম্পন্ন করা হয়। গাবুরছড়া থেকে আগত তিন বছরের শিশু রামভির চাকমা এবং রাঙ্গামুড়া থেকে আগত এক মাস বয়সী শিশু শ্রীহান দাস। পাশাপাশি ফলো-আপের জন্য আগত ৮ জন রোগীর ব্যবস্থাপনাও সাফল্যের সঙ্গে সম্পন্ন করা হয়। এই উদ্যোগ রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কর্মসূচি (আরবিএসকে) -এর অন্তর্ভুক্ত।

\*\*\*\*\*